

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bppa.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.০৬৯.২২-১৬৭

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: ১০০টি রেগুলেটর ও ২৬টি স্লাম ভান্ড ক্রয়ের জন্য আহবানকৃত আন্তর্জাতিক দরপত্র নম্বর ২৮.১১.০০০০.৫৫১.৬১.০০১.২৪
তারিখ ১৪ মার্চ ২০২৪ এর বিপরীতে দাখিলকৃত দরপত্র এর গ্রহণযোগ্যতা প্রসঙ্গে।

সূত্র: বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর স্মারক নং-২৮.১১.০০০০.৫৫১.০৭.০০১.২৪.১২; তারিখ: ১৫/১০/২০২৪ খ্রিঃ


উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে উল্লিখিত স্মারকের বরাতে বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড কর্তৃক মতামত যাচনের ক্ষেত্রে বিপিপিএ এর পর্যবেক্ষণসমূহ নিম্নরূপঃ

ক) পিপিআর, ২০০৮ এর বিধি ১০০(২) এর বিধানমতে, ক্রয় কার্যাদি সম্পাদন-সংশ্লিষ্ট দরদাতাগণের অতীত অভিজ্ঞতার বিবরণ যাচাই করার জন্য এবং তাদের সম্পর্কে হালনাগাদ তথ্য সংগ্রহের লক্ষ্যে সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরদাতাগণের দরপত্রে উল্লিখিত সূত্রের সাথে যোগাযোগের সুযোগ রয়েছে। মতামত যাচনাকারী সংস্থার প্রথম জিজ্ঞাসিত দফার বিপরীতে জানানো যাচ্ছে যে, সংশ্লিষ্ট ক্রয় প্রক্রিয়ার দরপত্র দলিলের দরপত্র উপাত্ত শীটে উল্লিখিত প্রতিটি যোগ্যতার নির্ণায়কের বিপরীতে চাহিত ন্যূনতম মানদণ্ডের আলোকে দরপত্র মূল্যায়ন কমিটি প্রতিটি দরপত্রে দাখিলকৃত তথ্য ও প্রমানক দলিলসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক উহার সঠিকতা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে নিশ্চিত হয়েই যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

খ) দ্বিতীয় জিজ্ঞাসিত দফার বিপরীতে উল্লেখ করা যায় যে, পিপিআর, ২০০৮ এর বিধি ২২(৭) এবং সংশ্লিষ্ট দরপত্র দলিলের দরদাতা'র প্রতি নির্দেশাবলী (ITT) এর 30.3 এর বিধানমতে দরপত্রের বৈধতার মেয়াদ পূর্তির তারিখের পর কমপক্ষে ২৮ (আটাশ) দিন পর্যন্ত দরপত্র জামানত বৈধ থাকার বাধ্যবাধকতা রয়েছে। বিবেচ্য ক্ষেত্রে, একটি দরদাতা প্রতিষ্ঠানের দরপত্র জামানতের বৈধতার মেয়াদ চাহিত মেয়াদ অপেক্ষা ৫ দিন কম থাকার বিষয়টিতে উপর্যুক্ত বিধানের আলোকে দরপত্র মূল্যায়ন কমিটি যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

গ) সংশ্লিষ্ট সংস্থার তৃতীয় জিজ্ঞাসিত দফার বিপরীতে লক্ষ্য করা যায় যে, সংশ্লিষ্ট দরপত্র দলিলের দরপত্র উপাত্ত শীটে সুনির্দিষ্ট পণ্য সরবরাহের অতীত অভিজ্ঞতার বিপরীতে প্রমানক হিসেবে প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রদত্ত সরবরাহ সনদের পরিবর্তে ক্রয়দেশ/চুক্তিপত্র চাওয়া হয়েছে যা যথাযথ নয় মর্মে প্রতীয়মান হয়। এই ত্রুটিপূর্ণ নির্ণায়কের কারণেই তৃতীয় দফায় উল্লিখিত পরিস্থিতি সৃষ্টি হয়েছে মর্মে প্রতিভাত হয়েছে। উপরন্তু, ক্রয় প্রক্রিয়ার অতীতের কোন মেয়াদকালে পণ্য সরবরাহের চাহিত অভিজ্ঞতার বিপরীতে মূল্যায়নকালে ঐ সময়কালের মধ্যে উক্ত পণ্য সরবরাহ করা হয়েছিলো কি-না সেই বিষয়টি নিশ্চিত হওয়াটা অত্যাৱশ্যক এবং সে আলোকেই দরপত্র মূল্যায়ন কমিটি যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

০২। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে প্রেরিত তথ্যের ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রদত্ত এ মতামত শুধুমাত্র বিবেচ্য বিষয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে।


২৫.১১.২০২৪
(শাহ ইয়ামিন-উল ইসলাম)
পরিচালক (উপসচিব)
ফোনঃ ০২-৪৮১১৯২৯৯

ব্যবস্থাপনা পরিচালক
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
প্রধান কার্যালয়, কুমিল্লা।

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

- ১। সচিবের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও)'র ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অফিস কপি।